

৬

অভিযোগ প্রতিকার সংক্রান্ত ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন-২০২২

প্রতিষ্ঠানের নাম : চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

বিবেচ্য মাস: জানুয়ারি, ফেব্রুয়ারি, ও মার্চ-২০২২ খ্রি:

পরিবীক্ষণ প্রতিবেদন :

অভিযোগ প্রতিকার সংক্রান্ত বিগত তিন মাসের (জানুয়ারি, ফেব্রুয়ারি, ও মার্চ-২০২২ খ্রি:) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের **৩ম** ত্রৈমাসিক প্রতিবেদন নিম্নরূপে উপস্থাপন করা হলো :

১। অনিক নিয়োগ :

এ বিশ্ববিদ্যালয়ের অভিযোগ বিষয়ে প্রতিকারের জন্য অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) নিয়োগ দেয়া হয়েছে। অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত প্রতিকার ব্যবস্থাপনা নির্দেশনা-২০১৮ মোতাবেক অনলাইনে এবং অফলাইনে প্রাপ্ত অভিযোগসমূহ যথাসময়ে বিধি মোতাবেক নিষ্পত্তি করছেন। এ ছাড়াও তিনি এ বিশ্ববিদ্যালয়ের সাথে সরাসরি সম্পৃক্ত অধীনস্থ দণ্ডরসমূহের আপীল কর্মকর্তা হিসেবে কাজ করছেন। তিনি সময়ে সময়ে অভিযোগ প্রতিকার সংক্রান্তে বিভিন্ন বিষয়ে আপীল কর্মকর্তা ও দণ্ডর প্রধানকে অবহিত করছেন।

২। আপীল কর্মকর্তা নিয়োগ :

এ বিশ্ববিদ্যালয়ের অভিযোগ বিষয়ে প্রতিকারের জন্য আপীল কর্মকর্তা নিয়োগ দেয়া হয়েছে। অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত প্রতিকার ব্যবস্থাপনা নির্দেশনা-২০১৮ মোতাবেক অভিযোগসমূহ যথাসময়ে বিধি মোতাবেক নিষ্পত্তি করছেন। তিনি অনিক ও অধীনস্থ দণ্ডরসমূহের অভিযোগ প্রতিকার বিষয়ে কার্যক্রম মনিটরিং করছেন এবং প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করছেন। তিনি সময়ে সময়ে অভিযোগ প্রতিকার সংক্রান্ত বিভিন্ন বিষয়ে দণ্ডর প্রধানকে অবহিত করছেন।

৩। মাসিক প্রতিবেদন প্রেরণ :

অভিযোগ প্রতিকার সংক্রান্ত নির্ধারিত ফরমেটে বিশ্ববিদ্যালয় মঞ্চুরী কমিশনে মাসিক প্রতিবেদন প্রেরণ করা হচ্ছে। এ ছাড়া অভিযোগ প্রতিকার সংক্রান্ত **৩ম ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদনের অংশ** হিসেবে এ প্রতিবেদন প্রস্তুতপূর্বক “অভিযোগ প্রতিকার সংক্রান্ত **৩ম ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন-২০২২**” বিশ্ববিদ্যালয় মঞ্চুরী কমিশনে প্রেরণ করা হচ্ছে। বিগত তিন মাসের (জানুয়ারি, ফেব্রুয়ারি, ও মার্চ-২০২২ খ্রি:) পর্যালোচনা করলে দেখা যায় যে, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে জানুয়ারি-২০২২ মাসে প্রচলিত পদান্তিতে প্রাপ্ত অভিযোগ ০৫টি পূর্ববর্তী মাসের জের ০৩টি মোট অভিযোগ ০৮টি এবং নিষ্পত্তি অভিযোগ ০৬টি। ফেব্রুয়ারি-২০২২ মাসে প্রাপ্ত অভিযোগ ০৭টি পূর্ববর্তী মাসের জের ০২টি মোট অভিযোগ ০৯টি এবং নিষ্পত্তি অভিযোগ ০৫টি। মার্চ-২০২২ মাসে প্রাপ্ত অভিযোগ ০৬টি পূর্ববর্তী মাসের জের ০৪টি মোট অভিযোগ ১০টি এবং নিষ্পত্তি অভিযোগ ০৭টি। প্রতিবেদনাধীন সময় পর্যন্ত এ বিশ্ববিদ্যালয়ে বিগত তিন মাসে মোট ১৮টি অভিযোগ নিষ্পত্তি করা হয় এবং অনিস্পন্দন রয়েছে ০৩টি অভিযোগ।

ক্র.নং	মাসের নাম	প্রাপ্ত অভিযোগ	অভিযোগ নিষ্পত্তির সংখ্যা	অনিস্পন্দন অভিযোগ সংখ্যা	আপীল আবেদন সংখ্যা	আপীল নিষ্পত্তির সংখ্যা	অনিস্পন্দন আপীল সংখ্যা	মন্তব্য
১	জানুয়ারি -২০২২	৫+৩=৮	০৬	০২	-	-	-	-
২	ফেব্রুয়ারি-২০২২	৭+২=৯	০৫	০৪	-	-	-	-
৩	মার্চ-২০২২	৬+৪=১০	০৭	০৩	-	-	-	-
	মোট	২৭টি	১৮টি	০৩টি	-	-	-	-

অনিক ও আপীল কর্মকর্তার যথাযথ পদক্ষেপ গ্রহণের কারণে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় অভিযোগগুলি যথাসময়ে নিষ্পত্তি হচ্ছে এবং দিন দিন একই ধরণের অভিযোগ হ্রাস পাচ্ছে।

(২)

- ৪। প্রাপ্ত অভিযোগ যথাসময়ে নিষ্পত্তি, জনগণের ভোগান্তি হ্রাস, সেবার মান উন্নয়ন সুশাসন নিশ্চিতকর্ণে অভিযোগ প্রতিকার সংক্রান্ত এ বিশ্ববিদ্যালয়ের আওতাধীন দপ্তর/প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীদের অভিযোগ প্রতিকার ব্যবস্থার বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে।
- ৫। স্টেকহোল্ডার সভা:
- অভিযোগ প্রতিকার সংক্রান্ত স্টেকহোল্ডার সভার কার্যক্রম গৃহীত হয়েছে এবং শীঘ্ৰই এ সভা অনুষ্ঠিত হবে।
অধীনস্থ অফিসসমূহকেও স্টেকহোল্ডার সভা করার নির্দেশনা দেয়া হয়েছে।
- ৬। গণশুনানী সভা:
- অভিযোগ প্রতিকার সংক্রান্ত এ বিশ্ববিদ্যালয়ে গণশুনানী গ্রহণের উদ্যোগ নেয়া হবে এবং বার্ষিক কর্মপরিকল্পনায় এ বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছে। করোনা পরিস্থিতি উন্নতি হলে গণশুনানীর উদ্যোগ গৃহীত হবে।
- ৭। বিগত তিন মাসে প্রাপ্ত অভিযোগ পর্যালোচনায় দেখা যায় যে, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে গুরুতর কোন অভিযোগ পাওয়া যায়নি। প্রাপ্ত অভিযোগ যথাসময়ে নিষ্পত্তি ও ব্যবস্থা গৃহীত হওয়ায় গ্রাহক সন্তুষ্টি ইতিবাচক।

সৈয়দ ফজলুল করিম

অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) /

পদবি : ডেপুটি রেজিস্ট্রার, রেজিস্ট্রার অফিস, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

মোবাইল : ০১৯১৫৮৫৫৫৯১

ই-মেইল : sf.karim24@gmail.com


08/08/2022